

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

কৃষিক্ষণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ
(পলিসি শাখা)

ফ্যাক্স : ৮৮-০২-৭১১৯৪৯৯
ওয়েবসাইট : www.bangladeshbank.org.bd

এসিএসপিডি সার্কুলার লেটার নং-০৪

তারিখঃ ২৬/০৬/২০০৮

প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক

কৃষিভিত্তিক শিল্প চিহ্নিতকরণ প্রসংগে

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে আমাদের ১১/০১/২০০৭ তারিখের এসিএসপিডি সার্কুলার লেটার নং-০১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারে সংযোজনী-“ক” এর কৃষিভিত্তিক শিল্পের তালিকার ২৫ নং ক্রমিকে বর্ণিত “কোল্ড স্টোরেজ” (শুধুমাত্র বিশেষায়িত কোল্ড স্টোরেজকে যেখানে ফলমূল, শাক-সবজী সংরক্ষণ করা হয়) কে সংশোধনপূর্বক “কোল্ড স্টোরেজ”(কৃষকদের উৎপাদিত খাবার আলু ও বীজ আলু, ফলমূল, শাক-সবজী প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ) রূপে সন্নিবেশিত করা হলো।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল হক)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৯৪৭

কৃষিভিত্তিক শিল্পের তালিকা-(সংশোধিত)

- ১। প্রক্রিয়াকরণকৃত ফলজাত খাদ্য (জ্যাম,জেলি, জুস, আচার, শরবত, সিরাপ, সস ইত্যাদি) উৎপাদনকারী শিল্প;
- ২। ফল (টমেটো, আম, পেয়ারা, কাঁঠাল, লিচু, আনারস ইত্যাদি)শাক-সব্জি, ডাল প্রক্রিয়াকরণ;
- ৩। ব্রেড এন্ড বিস্কুট, সেমাই, লাচ্ছা, চানাচুর, নুডুলস্ ইত্যাদি প্রস্তুতকরণ;
- ৪। আটা, ময়দা, সুজি প্রস্তুতকরণ;
- ৫। মাশরুম ও স্পিরুলিনা প্রক্রিয়াকরণ;
- ৬। ষ্টার্চ, গ্লুকোজ, ডেস্কট্রোজ এবং অন্যান্য ষ্টার্চ পণ্য উৎপাদনকারী শিল্প;
- ৭। দুগ্ধ প্রক্রিয়াকরণ (দুগ্ধ পাস্তুরিতকরণ, গুঁড়ো দুগ্ধ, আইসক্রিম, কনডেন্সড মিল্ক, মিষ্টি, পনির, ঘি, মাখন, চকোলেট, দধি ইত্যাদি);
- ৮। আলু থেকে প্রক্রিয়াজাত খাদ্য (চিপস্, পটেটো ফ্লেঞ্চ, ষ্টারস্ ইত্যাদি) উৎপাদনকারী শিল্প;
- ৯। বিভিন্ন গুড়া মসলা উৎপাদনকারী শিল্প;
- ১০। ভোজ্য তৈল পরিশোধন ও হাইড্রোজিনেশন ;
- ১১। লবন প্রক্রিয়াজাতকরণ শিল্প;
- ১২। চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ ও হিমায়িতকরণ;
- ১৩। হারবাল ও ভেষজ কসমেটিক্স প্রস্তুতকারী শিল্প;
- ১৪। ইউনানী, আয়ুর্বেদিক ঔষধ প্রস্তুতকারী শিল্প;
- ১৫। হাঁস, মুরগী ও গবাদি পশু ও মাছ এর জন্য সুষম খাদ্য প্রস্তুতকারী শিল্প;
- ১৬। বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ; সিগারেট ও বিড়ি উৎপাদন এবং তামাক প্রক্রিয়াকরণ;
- ১৭। পাটজাত দ্রব্য প্রস্তুতকরণ (যেমন দড়ি, সূতা, টোয়াইন, চট, থলে, কার্পেট, পাটের সেভেল প্রভৃতি)
- ১৮। রেশম বস্ত্র উৎপাদনকারী শিল্প;
- ১৯। কৃষিজাত পণ্য উৎপাদনে সহায়ক যন্ত্রশিল্প স্থাপন, মেরামত প্রভৃতি;
- ২০। চাল, মুড়ি, চিড়া, খৈ ইত্যাদি প্রস্তুতকরণ;
- ২১। সুগন্ধি চাল ;
- ২২। চা প্রক্রিয়াকরণ শিল্প ;
- ২৩। নারিকেল তৈল প্রস্তুতকারী শিল্প; (যদি দেশীয় নারিকেল হতে সংগৃহীত copra ব্যবহার করা হয় ;
কুঁড়া, ভূঁষি, ছোলা, ভুট্টা, খৈল প্রভৃতি দ্বারা
- ২৪। রাবার টেপ, লাঙ্গা প্রক্রিয়াজাতকরণ;
- ২৫। কোল্ড ষ্টোরেজ “(কৃষকদের উৎপাদিত খাবার আলু ও বীজ আলু, ফলমূল, শাক-সব্জী প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষন);
- ২৬। কাঠ, বাঁশ ও বেতের আসবাব তৈরী/উৎপাদন (কুটির শিল্প ছাড়া);
- ২৭। ফুল সংরক্ষন ও রপ্তানীকারক প্রতিষ্ঠান;
- ২৮। মাংস প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান;
- ২৯। জৈব সার, মিশ্র সার, গুটি ইউরিয়া ইত্যাদি তৈরী;
- ৩০। বায়োপেপ্তিসাইড, নীম উৎপাদিত পেপ্তিসাইড ইত্যাদি তৈরী;
- ৩১। মৌমাছির চাষ/মধু তৈরীর প্রকল্প;
- ৩২। বাজারজাত দ্রব্যাদির তৈরীর প্রকল্প;
- ৩৩। পার্টিকেল বোর্ড ;